



বাংলাদেশ হাই কমিশন
বন্দর সেরি বেগাওয়ান
ব্রুনাই দারুসসালাম

নং-বিএইচসি/ক্র/জাতীয় শোক দিবস/২০২৩/২৮৯

তারিখঃ ১৪ আগস্ট ২০২৩

প্রিয় সুধী,

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে প্রতিপালনের লক্ষ্যে ব্রুনাইস্থ বাংলাদেশ হাইকমিশন আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ রোজ মঙ্গলবার নিম্নরূপ কর্মসূচী গ্রহণ করেছে:

- সকাল ০৯:৩০ : আমন্ত্রিত অতিথিবৃন্দের দূতাবাস প্রাঙ্গণে উপস্থিতি;
সকাল ০৯:৩১ : দূতাবাস প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ;
সকাল ০৯:৪৫ : আমন্ত্রিত অতিথিবৃন্দের দূতাবাস অভ্যর্থনা কক্ষে আসন গ্রহণ;
সকাল ০৯:৫০ : পবিত্র কুরআন থেকে তেলাওয়াত;
সকাল ০৯:৫৫ : এক মিনিট নীরবতা পালন;
সকাল ০৯:৫৬ : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;
সকাল ১০:০০ : জাতীয় শোক দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ;
সকাল ১০:২০ : মান্যবর হাইকমিশনার মহোদয়ের বক্তব্য;
সকাল ১০:৩০ : জাতির পিতা বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবনী নিয়ে নির্মিত প্রামাণ্য ভিডিও চিত্র প্রদর্শন ও আলোচনা;
সকাল ১১:০০ : সমাপনী;

০২. উক্ত অনুষ্ঠানে যোগদানের জন্য বাংলাদেশ কমিউনিটির সকল সদস্যদের সাদরে আমন্ত্রণ জানানো যাচ্ছে।

স্থান : অফিস প্রাঙ্গণ (বাংলাদেশ হাই কমিশন, লট নং-২৪৬৯, সিম্পাং- ১০২৮, কাম্পং- তানাহ জামু, জালান- মুয়ারা, বন্দর সেরি বেগাওয়ান, ব্রুনাই দারুসসালাম)

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।

(তন্ময় মজুমদার)

কাউন্সেলর ও দূতালয় প্রধান

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. প্রথম সচিব (শ্রম), বাংলাদেশ হাইকমিশন, ব্রুনাই দারুসসালাম।
২. মান্যবর হাইকমিশনার এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ হাই কমিশন, ব্রুনাই দারুসসালাম।
৩. সকল কর্মকর্তা/কর্মচারী, বাংলাদেশ হাই কমিশন, ব্রুনাই দারুসসালাম।
৪. ব্রুনাই দারুসসালাম-এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী।
৫. নোটিশ বোর্ড।
৬. সংশ্লিষ্ট নথি।